

দৈনিক
ইনকিলাব

শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট থেকে দুর্নীতিবাজ সদস্য সচিবকে অপসারণের দাবী

ট্রাস্ট রিপোর্টার : তহবিল নোপাট এবং মিত্র
তথ্য দিয়ে উক্ত পদ ও বেতন স্কেল গ্রহণের
দায়ে মামলার আসামী সেলিম ভূইয়াকে
বেসরকারী শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্টের
সদস্য সচিবের পদ থেকে অপসারণের দাবী
জানিয়েছেন বিভিন্ন শিক্ষক সংগঠনের
নেতৃবৃন্দ। গতকাল (সোমবার) মেয়াদ পূর্ণ
পূর্ণক বিবৃতিতে বাংলাদেশ শিক্ষক সমিতির
উভয় গ্রুপের নেতৃবৃন্দই দীর্ঘ আন্দোলন
সম্মুখের ফসল কল্যাণ ট্রাস্ট ও এ ট্রাস্টের
তহবিল সঠিকভাবে পরিচালনার ব্যাপারে
অবিলম্বে সেলিম ভূইয়াকে অপসারণের দাবী
জানিয়েছেন। মোঃ আজিজুল হক শাহ
মোহাম্মদ আলীর নেতৃত্বাধীন বাংলাদেশ
শিক্ষক সমিতির নেতৃবৃন্দ এক বিবৃতিতে
বলেন, বেসরকারী শিক্ষক-কর্মচারীদের বেতন
থেকে কর্তৃকৃত টাকার সমন্বয়ে গঠিত কল্যাণ
ট্রাস্টের টাকা জালিয়াতির মাধ্যমে নোপাট
কোন অবস্থাতেই শিক্ষক সমাজ মেনে নেবে
না। তারা বলেন, তুয়া তথ্য দিয়ে শিক্ষকত্ব
পেশায় এসে এবং তার ন্যায় এক শ্রেণীর
তথাকথিত শিক্ষকের নেতা সেজে সরকারকে
ধোঁকা দিয়ে কল্যাণ ট্রাস্টের সদস্য সচিবের পদ
ভাগিয়ে নিয়েছেন। শিক্ষক হিসেবে তার
অবৈধ নিয়োগ নিয়ে আদালতে মামলা চলছে
দুর্নীতির মামলার কোন আসামীর দ্বারা শিক্ষক
সমাজের কল্যাণ হতে পারে না।

অপর এক বিবৃতিতে শিক্ষক সমিতির অপর
গ্রুপের মহাসচিব নজরুল ইসলাম অবিলম্বে
সেলিম ভূইয়াকে কল্যাণ ট্রাস্টের শিক্ষক
মন্ত্রণালয়ের সকল কমিটি থেকে বাদ দেয়া
দাবী জানিয়ে বলেন, সেলিম ভূইয়া একজন
চরম দুর্নীতিবাজ ও অসৎ ব্যক্তি। সরকারী
দুর্নীতিমালী উপেক্ষা করে এক শ্রেণীর
দুর্নীতিবাজ কর্মকর্তার সাথে যোগসাজশে
কল্যাণ এমপিওভুক্ত হয়েছেন। শিক্ষক নেতা
সেজে দুর্নীতি করে গোটা শিক্ষক সমাজের মান
মর্যাদা বিনষ্টের দায়ে তার বিরুদ্ধে শাস্তিমূলক
ব্যবস্থা না নিলে আন্দোলনের কর্মসূচী নেয়া
হবে বলে বিবৃতিতে উল্লেখ করা হয়েছে।